দৈনিক ইত্তেফাক

তারিখ 08 AUG 1994
পৃষ্ঠা ১ কলাম ৫

# শিক্ষা প্রতিষ্ঠানে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখুন..............................প্রেসিডেন্ট

বাসস ॥ প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস শিক্ষা প্রতিষ্ঠানে শান্তিপূর্ণ শিক্ষার পরিবেশ বজায় রাখার লক্ষ্যে আন্তরিক সহযোগিতা প্রদান ও প্রভাব খাটা-

( ২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## প্রেসিডেন্ট

(১ম পৃঃ পর)

নোর জন্য ছাত্রদের প্রতি আহ্বান জানান। গতকাল রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ১০ সদস্যের একটি ছাত্র ও শিক্ষক প্রতিনিধি-দল বঙ্গ ভবনে প্রেসিডেন্ট বিশ্বাসের সহিত সাক্ষাৎ করিতে গেলে তিনি বলেন, শিক্ষা এবং বুদ্ধিমত্তার বিকাশের মাধ্যমেই জাতি অগ্রগতি সাধন করিতে পারে। বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক রমজুল হক প্রতিনিধি দলের নেতৃত্ব দেন।

প্রেসিডেন্ট বিশ্বাস বলেন, আগামী শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলা এবং ভবিষ্যতের জন্য অর্থবহ জীবন গড়িয়া তোলার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার ব্যাপারে সকলের সচেষ্ট হওয়া উচিত।

পূর্বাহ্ণে প্রতিনিধি দলের সদস্যরা প্রেসিডেন্টকে তাহাদের সার্ক দেশ সফরের অভিপ্রায়ের কথা অবহিত করিয়া তাহার সহায়তা কামনা করেন। প্রেসিডেন্ট তাহাদের সহায়তা প্রদানের আশ্বাস দেন।

আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের সহযোগী অধ্যাপক শহীদুজ্জামান, প্রভাষক রুহুল আমিন প্রমুখ প্রতিনিধি দলে ছিলেন।